তারিখ 14 MAR 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

আমাদের সময়

# খুলনা বিশ্ববিদ্যালয়ে কটকা ট্র্যাজেডি দিবস পালিত

নিজস্ব প্রতিবেদক, খুলনা ● খুলনা বিশ্ববিদ্যালয়ে ছাত্র, শিক্ষক ও কর্মচারীরা গতকাল দিনব্যাপী কর্মসূচির মধ্য দিয়ে পালন করেছে কটকা ট্র্যাজেডি স্মরণে শোক দিবস। ২০০৪ সালের ১৩ মার্চ সুন্দরবনের কটকায় বনভোজনে গিয়ে ,গোসল করতে নেমে সমুদ্রগর্ভে ডুবে মারা যায় খুলনা বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য ডিসিপ্লিনের ৯ ও বুয়েটের ২ জনসহ ১১ শিক্ষার্থী। সকালে কালোব্যাজ ধারণ করে সাড়ে ১০টায় হাদী চত্বর থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ ফায়েক উজ্জামানের নেতৃত্বে শুরু হয় সুদীর্ঘ এক শোকর্যালি।